# চাকরির আবদেন পত্র

চাকরি প্রার্থনা করে যে আবেদনপত্র রচনা করা হয় তাকে চাকরির আবেদন পত্র বলে অভিহিত করা হয়ে থাকে। একটি সুলিখিত আবেদন পত্র চাকরি লাভের সহায়ক। আবেদন পত্রের কাঠামো, বক্তব্যের পারম্পর্য ও পরিচ্ছন্নতা এবং প্রকাশভঙ্গির ওপর আবেদনকারীর চরিত্র প্রতিফলিত হয় বলে চাকরির জন্য তা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

চাকরির আবেদন পত্রে বিজ্ঞাপনের প্রসঙ্গ উল্লেখ থাকে এবং বিজ্ঞাপন অনুযায়ী প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হয়। নিয়োগকর্তার সকল জিজ্ঞাস্যের উত্তর আবেদনপত্রে রূপ লাভ করা বাঞ্ছনীয়। আবেদনপত্রে যে দিকগুলো অপরিহার্য তা নিম্নরূপ ঃ

১। পত্রের উপরে বাঁ দিকে প্রাপকের নাম-ঠিকানা। বিজ্ঞাপনদাতা অথবা যে ঠিকানায় আবেদন করতে বলা হয় সে ঠিকানাই এখানে উল্লেখ করতে হবে। বিজ্ঞাপনে নামের উল্লেখ না থাকলে গোপনীয়তার জন্য পোস্ট বক্স নম্বর উল্লেখিত হলে সে নম্বরই লিখতে হবে। যেমন ঃ

বিজ্ঞাপনদাতা<br>
বক্স নং-১২৩৪<br>
দৈনিক ইত্তেফাক<br>
ঢাকা।

২। প্রাপকের নামের পর বিষয় উল্লেখ করতে হবে।

৩। অভিবাদন।

৪। আবেদন-সূত্র ঃ যেমন, 'গত ১লা মার্চের দৈনিক ইনকিলাবের বিজ্ঞাপন থেকে জানতে পারলাম', অথবা 'বিশ্বস্ত সূত্রে জানতে পারলাম যে' ইত্যাদি।

৫। আবেদনকারীর নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা।

৬। শিক্ষাগত যোগ্যতা।

৭। বিশেষ যোগ্যতা।

৮। অভিজ্ঞতা।

৯। জন্ম তারিখ ও বয়স।

১০। উপসংহার।

১১। স্বাক্ষর।

১২। সংযুক্তি।

এছাড়া ক্ষেত্রবিশেষে কর্মানুসন্ধানের কারণ (চাকরিরত থাকলে), প্রার্থিত বেতন ইত্যাদির প্রসঙ্গও প্রয়োজনবোধে উল্লেখ করা যায়।

আবেদনপত্রের সাথে বিভিন্ন পরীক্ষা পাশের সার্টিফিকেটের অনুলিপি, প্রশংসা পত্র, জাতীয়তা সম্পর্কিত সার্টিফিকেট ইত্যাদি সংযুক্ত করতে হয়।

**পত্র ১০৫ ॥ সমাজকল্যাণ দফতরে চাকরির জন্য যোগ্যতার বিবরণ দিয়ে একটি দরখাস্ত লেখ।**

মহাপরিচালক
সমাজকল্যাণ অধিদপ্তর
ঢাকা
সমীপে।

বিষয় ঃ **মাঠকর্মী হিসেবে নিয়োগের আবেদন।**

জনাব,

সবিনয় নিবেদন এই যে, বিগত ১লা ডিসেম্বর ৯৬ তারিখের দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপন থেকে জানতে পারলাম যে, আপনার অধিদপ্তরে কিছু সংখ্যক মাঠকর্মী নিয়োগ করা হবে। আমি একজন প্রার্থী হিসেবে আবেদনের সমর্থনে নিম্নলিখিত তথ্য পেশ করছি ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। নাম | | ঃ | নাজমুস সাকিব |
| ২। পিতার নাম | | ঃ | মরহুম আহমদ রেজা |
| ৩। ঠিকানা ঃ | স্থায়ী | ঃ | গ্রাম ঃ পূর্বপাড়া, থানা ঃ রূপগঞ্জ, জেলা ঃ নারায়ণগঞ্জ |
| | বর্তমান | ঃ | ৫৫, পশ্চিম যাত্রাবাড়ি, ঢাকা—১২০৪। |
| ৪। শিক্ষাগত যোগ্যতা | | ঃ | এইচ. এস. সি. ১৯৯৫, প্রথম বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা। |
| ৫। অভিজ্ঞতা | | ঃ | একটি স্বেচ্ছাসেবী সংগঠনের কর্মী হিসেবে গ্রামে এক বছরের কাজের অভিজ্ঞতা। |
| ৬। জন্ম তারিখ | | ঃ | ১লা নভেম্বর, ১৯৭৪ সাল। |

উপরোক্ত তথ্যের ভিত্তিতে আমাকে উক্ত পদে নিয়োগ করলে আমি কর্তৃপক্ষের সন্তুষ্টি বিধানে তৎপর থাকব।

তারিখ
ঢাকা
১-১২-৯৬

বিনীত
নাজমুস সাকিব

**পত্র ১০৬ ॥ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক পদের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে একখানি আবেদন পত্র লেখ।**

মাননীয় মহাপরিচালক,
প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
সমীপে।

বিষয় ঃ **প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক পদে নিয়োগের জন্য আবেদন।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, গত ১৫ই ডিসেম্বর, ১৯৯৬ তারিখের দৈনিক জনকণ্ঠে প্রকাশিত বিজ্ঞাপনের মাধ্যমে জানতে পারলাম যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক পদে কিছু লোক নিয়োগ করা হবে। আমি অন্যতম প্রার্থী হিসেবে আমার আবেদন পত্র প্রেরণ করছি।

আমি গত ১৯৯৩ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লার অধীনে দাউদকান্দি কলেজ থেকে প্রথম বিভাগে এইচ. এস. সি. পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। এরপর ১৯৯৫ সালে রায়পুরা পি. টি. আই. থেকে সি-এড কোর্স সাফল্যের সাথে সমাপন করেছি।

বিগত জুলাই '৯৫ থেকে আমি একটি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত আছি।

আমার বর্তমান বয়স একুশ বছর এবং আমি ভাল স্বাস্থ্যের অধিকারী।

অনুগ্রহপূর্বক আমাকে উক্ত পদে নিয়োগ করার জন্য সবিনয় অনুরোধ জানাচ্ছি।

তারিখ ঃ ২০শে ডিসেম্বর, ৯৬

সংযুক্তি

১. এস. এস. সি. ও এইচ. এস. সি. সার্টিফিকেট
২. সি. এড. সার্টিফিকেট
৩. প্রশংসাপত্র।

নিবেদক
আরিফ মনসুর
পিতা ঃ জনাব আবুল মনসুর
গ্রাম ঃ রহিমপুর
থানা ঃ হাটহাজারী, জেলা ঃ চট্টগ্রাম

**পত্র ১০৭ ॥ দৈনিক পত্রিকায় কর্মখালি বিভাগে একজন শিক্ষকের জন্য বিজ্ঞাপন দেওয়া হয়েছে দেখে উক্ত পদের প্রার্থী হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট একখানা দরখাস্ত লেখ।**

মাননীয় সভাপতি,
বিদ্যালয় পরিচালনা কমিটি
সবুজ বিদ্যাপীঠ, যাত্রাবাড়ি, ঢাকা—১২০৪
সমীপে।

**বিষয় ঃ সহকারী শিক্ষক পদে নিয়োগের আবেদন।**

জনাব,

সবিনয় নিবেদন এই যে, বিগত ১৫ই ডিসেম্বর '৯৮ তারিখের দৈনিক বাংলা পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপন মারফত জানতে পারলাম যে, আপনার বিদ্যালয়ে একজন সহকারী শিক্ষক নিয়োগ করা হবে। আমি অন্যতম প্রার্থী হিসেবে নিম্নলিখিত বিবরণ সহানুভূতিশীল বিবেচনার জন্য পেশ করলাম।

১. নাম ঃ আতিয়া সুলতানা
২. পিতার নাম ঃ জনাব সুলতান উদ্দিন
৩. ঠিকানা—স্থায়ী ও বর্তমান ঃ ১০, গোলাপ বাগ, ঢাকা—১২০৪।
৪. জন্ম তারিখ ঃ ১লা মার্চ, ১৯৭৩ সাল।
৫. শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষা | বছর | বিভাগ | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|
| এস. এস. সি. | ১৯৮৯ | প্রথম | ঢাকা বোর্ড |
| এইচ. এস. সি. | ১৯৯১ | প্রথম | ঢাকা বোর্ড |
| বি. এ. | ১৯৯৩ | দ্বিতীয় | ঢাকা বিশ্ববিদ্যালয় |
| বি. এড. | ১৯৯৫ | দ্বিতীয় | ঢাকা বিশ্ববিদ্যালয় |

৬. অভিজ্ঞতা ঃ আমি অনিয়মিতভাবে বিভিন্ন বিদ্যালয়ে এক বছর শিক্ষকতা করেছি।

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে আমাকে উক্ত পদে নিয়োগের জন্য বিবেচনা করলে বাধিত হব।

ঢাকা
২০শে ডিসেম্বর, ৯৬

বিনীত
আতিয়া সুলতানা

**পত্র ১০৮ ॥ কোন শিক্ষা প্রতিষ্ঠানে একজন বিজ্ঞান শিক্ষকের শূন্য পদে নিযুক্তির আবেদন জানিয়ে একখানি আবেদন পত্র রচনা কর।**

মাননীয় সভাপতি,
বিদ্যালয় পরিচালনা কমিটি,
রাজারবাগ উচ্চ বিদ্যালয়
ঢাকা সমীপে।

বিষয় ঃ **বিজ্ঞান শিক্ষকের পদে নিয়োগের আবেদন।**

জনাব,

সবিনয় নিবেদন এই যে, গত ১-১২-৯৬ তারিখের 'আজকের কাগজ' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপন থেকে জানতে পারলাম যে, আপনার বিদ্যালয়ে একজন বিজ্ঞান শিক্ষক নিয়োগ করা হবে। আমি অন্যতম প্রার্থী হিসেবে শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য তথ্য উল্লেখ করছি ঃ

১. নাম ঃ আতিকুর রহমান আতিক
২. পিতার নাম ঃ জনাব মুহম্মদ আফতাব উদ্দিন চৌধুরী
৩. ঠিকানা স্থায়ী ও বর্তমান ঃ ১২, আবাসিক কলোনী, রাজশাহী
৪. জন্ম তারিখ ঃ ১লা জানুয়ারি, ১৯৭১ সাল
৫. শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষা | বছর | বিভাগ | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|
| এস. এস. সি. | ১৯৮৯ | প্রথম | রাজশাহী শিক্ষা বোর্ড |
| এইচ. এস. সি. (বিজ্ঞান) | ১৯৯১ | প্রথম | রাজশাহী শিক্ষা বোর্ড |
| ডিগ্রি (বিজ্ঞান) | ১৯৯৩ | প্রথম | রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| বি. এড. | ১৯৯৫ | প্রথম | রাজশাহী বিশ্ববিদ্যালয় |

৬. অভিজ্ঞতা ঃ উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞান শিক্ষক হিসেবে বিগত ছয় মাস ধরে কর্মরত।

উক্ত প্রেক্ষিতে আমাকে উক্ত পদে নিয়োগ করলে চিরকৃতজ্ঞ থাকব।

সংযুক্তি ঃ সনদ পত্রের অনুলিপি
রাজশাহী
১০-১২-৯৬

বিনীত
আতিকুর রহমান আতিক

**পত্র ১০৯ ॥ কলেজের একটি সহকারীর শূন্য পদের জন্য অধ্যক্ষের নিকট একটি আবেদন পত্র লেখ।**

মাননীয় অধ্যক্ষ,
আদর্শ মহাবিদ্যালয়, ঢাকা
সমীপে।

বিষয় ঃ **সহকারী পদে নিয়োগের আবেদন।**

জনাব,

বিনীত নিবেদন এই যে, গত ১লা নভেম্বর ৯৬ তারিখে 'দৈনিক আজাদ' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপন থেকে জানতে পারলাম যে, আপনার কলেজে একজন অফিস সহকারী নিয়োগ করা হবে। আমি উক্ত পদের জন্য অন্যতম প্রার্থী হিসেবে আবেদন করছি।

আমি ১৯৯২ সালে শেরপুর বালিকা বিদ্যালয় থেকে প্রথম বিভাগে এস. এস. সি. এবং ১৯৯৫ সালে শেরপুর মহিলা কলেজ থেকে প্রথম বিভাগে এইচ. এস. সি. পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। ইতিমধ্যে আমি একটি সেক্রেটারিয়েল কোর্স সম্পন্ন করেছি এবং মুদ্রাক্ষরিক হিসেবেও দক্ষতা অর্জন করেছি।

আমার বর্তমান বয়স ২০ বছর এবং আমি উত্তম স্বাস্থ্যের অধিকারী। আমি কাজে আন্তরিক ও কর্মঠ। আর্থিক অসুবিধার কারণে আমার পক্ষে উচ্চ শিক্ষা গ্রহণ সম্ভবপর হয়নি।

উক্ত প্রেক্ষিতে আমাকে আপনার কলেজে অফিস সহকারীর শূন্য পদে নিয়োগ করা হলে আমি চিরবাধিত থাকব এবং কর্তৃপক্ষের সন্তুষ্টি বিধানে বিশেষ তৎপর হব।

সংযুক্তি ঃ সনদের অনুলিপি
শেরপুর,
১০-১১-৯৬

নিবেদিতা
আতিয়া শাহানা
১০, কলেজ রোড, শেরপুর।

**পত্র ১১০ ॥ কোন বাণিজ্যিক প্রতিষ্ঠানে হিসাবরক্ষকের পদে নিযুক্তি লাভের জন্য একটি দরখাস্ত লেখ।**

জেনারেল ম্যানেজার,
মধুমতী ইন্সিউরেন্স কোম্পানি
মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
সমীপে।

বিষয় ঃ **হিসাবরক্ষক পদে নিয়োগের আবেদন।**

জনাব,

সবিনয় নিবেদন এই যে, গত ১লা ডিসেম্বর ৯৬ তারিখের 'দৈনিক দিনকাল' পত্রিকার বিজ্ঞপ্তির মাধ্যমে জানতে পারলাম যে আপনার প্রতিষ্ঠানে দশ জন হিসাবরক্ষক নিয়োগ করা হবে। আমি অন্যতম প্রার্থী হিসেবে সদয় বিবেচনার জন্য নিম্নলিখিত তথ্য পেশ করছি।

| | | | |
|---|---|---|---|
| ১. | নাম | ঃ | জামিল আখতার |
| ২. | পিতার নাম | ঃ | জনাব আবদুল হক |
| ৩. | ঠিকানা ঃ | ঃ | গ্রাম ঃ কাজিপুর, ডাকঘর ঃ রতনপুর, জেলা ঃ শেরপুর। |
| ৪. | বয়স | ঃ | ২২ বছর। |
| ৫. | শিক্ষাগত যোগ্যতা | ঃ | বি. কম. জাতীয় বিশ্ববিদ্যালয়, ১৯৯৩, দ্বিতীয় বিভাগ। |
| ৬. | অভিজ্ঞতা | ঃ | একটি বেসরকারী সংস্থায় হিসাবরক্ষক পদে এক বছর ধরে কর্মরত। |

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে আমাকে উক্ত পদে নিয়োগ করা হলে চিরকৃতজ্ঞ থাকব।

শেরপুর
৫-১২-৯৬

বিনীত
জামিল আখতার

**পত্র ১১১ ॥ তোমার এলাকার পৌরসভার অফিস সহকারীর শূন্য পদের জন্য আবেদন জানিয়ে একখানা পত্র রচনা কর।**

সভাপতি,
পাবনা পৌরসভা
পাবনা
সমীপে।

বিষয় ঃ **অফিস সহকারী নিয়োগের আবেদন।**

জনাব,

সবিনয় নিবেদন এই যে, বিশ্বস্ত সূত্রে জানতে পারলাম যে, আপনার অধীনে একজন অফিস সহকারী নিয়োগ করা হবে। আমি অন্যতম প্রার্থী হিসেবে আবেদন করছি।

আমার শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে অবহিত করতে চাই যে, আমি গত ১৯৯৪ সালে রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে রাজশাহী মহাবিদ্যালয় থেকে প্রথম বিভাগে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। বর্তমানে আমি একটি ছোটখাট বেসরকারী প্রতিষ্ঠানে কর্মরত রয়েছি।

উল্লেখ্য যে, মুদ্রাক্ষরিক হিসেবেও আমার কিছু অভিজ্ঞতা আছে। এক্ষেত্রে আমার প্রতি মিনিটে গতি বাংলা ৪০, ইংরেজি ৩০।

আমার বর্তমান বয়স একুশ বছর। আমি ভাল স্বাস্থ্যের অধিকারী। আমি কাজে আন্তরিক ও কর্মঠ। সততা ও আন্তরিকতাকে আমি সর্বাধিক গুরুত্ব দান করি।

এই অবস্থায় আমাকে উপরোক্ত অফিস সহকারী পদে নিয়োগ করার বিনীত অনুরোধ জানাচ্ছি। আমাকে নিয়োগ করা হলে আমি কর্তৃপক্ষের সন্তুষ্টিবিধানে সর্বদা তৎপর থাকব।

নিবেদিকা
নাজমা সুলতানা
পিতা ঃ জনাব আকবর আলী
১৫, সদর রোড
ডাকঘর ঃ পাবনা
জেলা ঃ পাবনা।

পাবনা
১-১২-৯৬

**পত্র ১১২ ॥ দৈনিক আল-ইনসান পত্রিকার অফিসে বিজ্ঞাপন বিভাগে একজন সহসম্পাদকের পদ খালি হয়েছে। চাকরিটি পাওয়ার জন্য একটি দরখাস্ত লেখ।**

মাননীয়
ব্যবস্থাপনা পরিচালক
দৈনিক আল-ইনসান
ইনসান ভবন, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
সমীপে।

বিষয় ঃ **সহসম্পাদক পদে আবেদন প্রসঙ্গে।**

জনাব,

বিশ্বস্ত সূত্রে জানতে পারলাম যে, আপনার পত্রিকায় বিজ্ঞাপন বিভাগে একজন সহসম্পাদকের পদ অতি সম্প্রতি শূন্য হয়েছে। আমি একজন প্রার্থী হিসেবে আমার জীবনতথ্য নিচে পেশ করছি ঃ

১. নাম ঃ জাফর আহমদ
২. পিতার নাম ঃ জনাব নিয়ামত হোসেন

| | | |
|---|---|---|
| ৩. ঠিকানা | ঃ | স্থায়ী ঃ গ্রাম ঃ মহিমপুর<br>থানা ঃ কালিগঞ্জ<br>জেলা ঃ গাজীপুর।<br>বর্তমান ঃ ১২৩, যাত্রাবাড়ি, ঢাকা ১২০৪। |
| ৪. শিক্ষাগত যোগ্যতা | ঃ | বি. কম. ১৯৯৩, ২য় বিভাগ,<br>ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ৫. অভিজ্ঞতা | ঃ | দৈনিক দেশ পত্রিকায় গত দুবছর বিজ্ঞাপন বিভাগে কর্মরত। এছাড়া গত ৪ বছর সাংবাদিকতার সাথে জড়িত। |
| ৬. বয়স | ঃ | ৩৩ বছর। |

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে আমাকে বিজ্ঞাপন বিভাগে সহসম্পাদকের পদে নিয়োগ করার বিনীত অনুরোধ জানাচ্ছি।

বিনীত

ঢাকা
২৫-১২-৯৬

জাফর আহমদ

**পত্র ১১৩॥ রেডিও বাংলাদেশের অনুষ্ঠান প্রযোজকের একটি পদের জন্য তোমার বয়স, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি উল্লেখ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর একখানি আবেদনপত্র লেখ।**

মাননীয় মহাপরিচালক,
রেডিও বাংলাদেশ
শেরে বাংলা নগর
ঢাকা
সমীপে।

বিষয় ঃ **অনুষ্ঠান প্রযোজকের পদে নিয়োগের আবেদন।**

জনাব,

সবিনয় নিবেদন এই যে, দৈনিক ইত্তেফাক পত্রিকার ১-১২-৯৬ তারিখে প্রকাশিত বিজ্ঞাপন থেকে জানতে পারলাম যে, আপনার অধীনে অনুষ্ঠান প্রযোজকের কতিপয় পদে লোক নিয়োগ করা হবে। আমি একজন প্রার্থী হিসেবে সহানুভূতিশীল বিবেচনার জন্য আমার জীবনতথ্য নিম্নে উল্লেখ করলাম ঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | নাম | ঃ | আহমদ হোসেন রানা |
| ২. | পিতার নাম | ঃ | জনাব শহীদ হোসেন |
| ৩. | ঠিকানা | ঃ | বাগবাড়ি, মীরপুর, ঢাকা ১২১৮। |
| ৪. | বয়স | ঃ | ২৫ বছর। |
| ৫. | শিক্ষাগত যোগ্যতা | ঃ | এম. এ. বাংলা, ঢাকা বিশ্ববিদ্যালয়, ২য় শ্রেণী, ১৯৯২। |
| ৬. | অভিজ্ঞতা | ঃ | ফিচার লেখক, অধ্যাপনা ও বিভিন্ন সংগঠনের সাংস্কৃতিক কার্যক্রমের সাথে গত তিন বছর ধরে জড়িত। |

উপরোক্ত প্রেক্ষিতে আমাকে উক্ত পদে নিয়োগ করা হলে আমি কর্তৃপক্ষের সন্তুষ্টি বিধানে সচেষ্ট থাকব এবং রেডিও বাংলাদেশের কার্যক্রমে বলিষ্ঠ অবদান রাখার জন্য তৎপর থাকব।

পাবনা
১৫-১২-৯৬

বিনীত নিবেদক
আহমদ হোসেন রানা

**পত্র ১১৪ ॥ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিকট হিসাবরক্ষক পদে চাকরির জন্য একটি আবেদন পত্র রচনা কর।**

মাননীয় চেয়ারম্যান,
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
চট্টগ্রাম।

বিষয় ঃ **হিসাবরক্ষক পদে নিয়োগের আবেদন।**

জনাব,

সবিনয় নিবেদন এই যে, দৈনিক আজাদীর ১-১২-৯৬ তারিখ সংখ্যায় প্রকাশিত বিজ্ঞাপন থেকে জানতে পারলাম, আপনার প্রতিষ্ঠানে একজন হিসাবরক্ষক নিয়োগ করা হবে। উক্ত পদে অন্যতম প্রার্থী হিসেবে আমি নিম্নলিখিত তথ্য সদয় বিবেচনার জন্য পেশ করছি।

| | | | |
|---|---|---|---|
| ১. | নাম | ঃ | সুধীর রায় |
| ২. | পিতার নাম | ঃ | শ্রী অধীরচন্দ্র রায় |
| ৩. | ঠিকানা | ঃ | ১২৩, পূর্বপাড়া, আন্দরকিল্লা, চট্টগ্রাম। |
| ৪. | বয়স | ঃ | ২৬ বছর। |
| ৫. | শিক্ষাগত যোগ্যতা | ঃ | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আওতাধীন সাতকানিয়া কলেজ থেকে বি. কম. পরীক্ষায় উত্তীর্ণ ; ২য় শ্রেণী, ১৯৯১ সাল। |
| ৬. | অভিজ্ঞতা | ঃ | গত চার বছর ধরে একটি বেসরকারী বাণিজ্যিক প্রতিষ্ঠানে হিসাবরক্ষক হিসেবে কর্মরত। |

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে আমার আবেদন সহানুভূতির সাথে বিবেচনা করে উক্ত পদে আমাকে নিয়োগ করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তি ঃ সনদপত্র ও প্রশংসা পত্র

নিবেদক
সুধীর রায়

ঢাকা
১২-১২-৯৬

**পত্র ১১৫ ॥ পত্রিকায় বিজ্ঞপিত একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের সহকারী ব্যবস্থাপক পদের জন্য তোমার যোগ্যতার বিবরণ দিয়ে একটি আবেদন পত্র লেখ।**

মাননীয়
নির্বাহী পরিচালক
রাজ ওভারসীজ লিঃ
বনানী, ঢাকা
সমীপে।

বিষয় ঃ **সহকারী ব্যবস্থাপক পদে নিয়োগের আবেদন।**

জনাব,

সবিনয় নিবেদন এই যে, বিগত ১লা ডিসেম্বর '৯৬ তারিখের দৈনিক জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপন থেকে জানতে পারলাম যে, আপনার প্রতিষ্ঠানে একজন সহকারী ব্যবস্থাপক নিয়োগ করা হবে। উক্ত পদের জন্য আমি অন্যতম প্রার্থী হিসেবে আমার জীবন তথ্য নিম্নে উল্লেখ করলাম।

| | | |
|---|---|---|
| নাম | ঃ | মধুময় চৌধুরী |
| পিতার নাম | ঃ | শ্রী অনুপমচন্দ্র চৌধুরী |
| ঠিকানা | ঃ | নতুন বাজার, ময়মনসিংহ |
| বয়স | ঃ | ২৫ বছর |
| শিক্ষাগত যোগ্যতা | ঃ | এম. বি. এ., ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৯৯৪। |
| অভিজ্ঞতা | ঃ | বিগত এক বছর ধরে একটি বেসরকারী বাণিজ্যিক প্রতিষ্ঠানে সহকারী ব্যবস্থাপক হিসেবে কর্মরত। |

উপরোক্ত অবস্থার প্রেক্ষিতে আমাকে উক্ত পদে নিয়োগ করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তি ঃ সনদপত্রাদি — নিবেদক
ময়মনসিংহ — মধুময় চৌধুরী
১৫-১২-৯৬

**পত্র ১১৬ ॥ একটি প্রশংসাপত্র রচনা কর।**

## প্রশংসাপত্র

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, রাকিব হাসান পিতা জনাব মাহমুদ হাসান, গ্রাম দাউদপুর, জেলা কুমিল্লা, অত্র কলেজের বিজ্ঞান বিভাগের দ্বাদশ শ্রেণীর ছাত্র। তার রোল নং ৩২।

রাকিব হাসান একজন মেধাবী ছাত্র। বিগত কলেজ পরীক্ষায় সে সব বিষয়ে গড়ে ৭৫% নম্বর পেয়েছে। সে নিয়মিত কলেজের সহপাঠ্যক্রমিক কার্যক্রমে উৎসাহের সাথে অংশ গ্রহণ করে এবং তাতে বিশেষ কৃতিত্ব দেখাতে পেরেছে। কলেজে তার উপস্থিতি নিয়মিত। তার আচরণ সন্তোষজনক।

সে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক। আমার জানামতে সে প্রতিষ্ঠানের শৃঙ্খলা পরিপন্থী বা রাষ্ট্র বিরোধী কোন কাজে অংশগ্রহণ করেনি।

আমি তার জীবনের সর্বাঙ্গীণ উন্নতি কামনা করি।

রাজশাহী — অধ্যক্ষ,
২৫-১২-৯৬ — রাজশাহী বিশ্ববিদ্যালয় কলেজ।